অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/1/2022 **গভর্নর ক্যাথি হোকল**

LGBTQ+ প্রাইড মাস উদযাপনের জন্য গভর্নর হোকলের ঘোষণাপত্র জারি

নিউ ইয়র্ক স্টেটের কোর্ট অব ক্লেইমসে প্রথম ল্যাটিনো LGBTQ+ বিচারক মনোনয়ন পেয়েছেন

আই লাভ NY LGBTQ 2022 সালের প্রাইড গাইড উদ্বোধন করেছে

নিউ ইয়র্ক স্টেট জুড়ে LGBTQ+ অগ্রগতির ঐতিহাসিক পতাকা উত্তোলন

1 জুন থেকে শুরু করে মাসব্যাপী স্টেটের বিখ্যাত স্থানগুলো আলোকিত করা হবে

যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর LGBTQ+ সদস্যদের অধিকারের জন্য সংগ্রামে লিপ্ত থাকার বিষয়টি তুলে ধরে নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটলে নতুন প্রদর্শনী চালু

এই প্রদর্শনী সম্পর্কে আরো জানুন এবং ছবি দেখুন এখানে

ঘোষণাপত্রটি পড়ুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ 2022 সালের জুন মাসকে LGBTQ+ প্রাইড মাস হিসেবে নির্ধারণ করে একটি ঘোষণাপত্র জারি করেছেন। এছাড়াও গভর্নর নিউ ইয়র্ক স্টেটের কোর্ট অব ক্লেইমস (Court of Claims)-এ প্রথম ল্যাটিনো প্রকাশ্যে LGBTQ+ বিচারক মনোনীত করার ঘোষণা দেওয়ার পাশাপাশি LGBTQ+ নিউ ইয়র্কবাসীদের স্বীকৃতি দিয়ে এবং আমাদের স্টেটে তাদের অবদানগুলো উদাযাপন করতে বাড়তি কিছু পদক্ষেপ গ্রহণের ঘোষণা দিয়েছেন, যেমন আই লাভ NY LGBTQ+ (I LOVE NY LGBTQ+)-এর 2022 সালের প্যারেড গাইড উদ্বোধন, স্টেটজুড়ে LGBTQ+ অগ্রগতির পতাকা উত্তোলন করা, স্টেটের বিখ্যাত স্থানগুলো LGBTQ+ প্রাইড পতাকার রঙে আলোকিত করা, এবং প্রাইড মাস চলাকালীন সময়ে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর LGBTQ+ সদস্যদের কথা তুলে ধরতে স্টেট ক্যাপিটলে একটি নতুন প্রদর্শনী চালু করা।

"প্রাইড মাস হলো নিউ ইয়র্ক স্টেটে LBGTQ+ কমিউনিটির অসংখ্য অবদান উদযাপন করার একটি সময়," **বলেছেন গভর্নর হোকল।** "প্রত্যেক নিউ ইয়র্কবাসী, লিঙ্গ ও যৌন পরিচয় বা অভিমুখীতা নির্বিশেষে এমন একটি সরকার পাওয়ার অধিকার রাখেন যা তাদের স্বকীয়তার

স্বীকৃতি প্রদান করবে এবং মূল্যবোধ, ভালোবাসা, ও সম্পৃক্ততার একটি জায়গা প্রদান করবে। আমাদের সম্প্রতি প্রণীত বাজেটের অংশ হিসেবে LGBTQ+ সমতার ক্ষেত্রে অর্জিত অগ্রগতি থেকে শুরু করে মনোনয়ন প্রদানের সূচনা করা পর্যন্ত, আমার প্রশাসন LGBTQ+ কমিউনিটির জন্য সমতা ও মর্যাদা নিশ্চিত করতে সাহায্য করার জন্য লড়াই চালিয়ে যাবে।"

গত সপ্তাহে, গভর্নর হোকল নিউ ইয়র্ক কাউন্টির জজ জ্যাভিয়ার এনরিক ভারগাসকে নিউ ইয়র্ক স্টেটের কোর্ট অব ক্লেইমসের জন্য মনোনীত করেন। জজ ভারগাস কোর্ট অব ক্লেইমসে নিয়োগপ্রাপ্ত প্রথম প্রকাশ্য গে পুরুষ ও ল্যাটিনো যিনি LGBTQ+ জজ হতে যাচ্ছেন। উচ্চ যোগ্যতাসম্পন্ন বৈচিত্র্যপূর্ণ ব্যক্তিদের ঐতিহাসিক নিয়োগের অংশ হিসেবে LGBTQ+ কমিউনিটির মাইলফলকস্বরূপ প্রতিনিধিত্ব, বিশেষ করে ল্যাটিনো কমিউনিটির একজন LGBTQ+ সদস্যকে অন্তর্ভুক্ত করতে পেরে এই প্রশাসন অত্যন্ত গর্বিত।

গভর্নর হোকল আরো ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটে এই প্রথম বারের মতো প্রাইড মাস শুরু হওয়া উদযাপন করতে নিউ ইয়র্ক জুড়ে স্টেট পার্কগুলোতে প্রগতিশীল প্রাইড ফ্ল্যাগ উত্তোলন করা হবে। সেইসাথে, রাজধানী অঞ্চলে ক্যাপিটল প্রাইড উইকএন্ডের শুরুতে 10 জুন থেকে স্টেট ক্যাপিটল, প্লাজা ও গভর্নরের ম্যানশনে প্রাইড ফ্ল্যাগ উত্তোলন করা হবে। এছাড়াও প্রাইড মাস চলাকালীন সময়ে অ্যাডাম ক্লেটন পাওয়েল জুনিয়র স্টেট অফিস বিল্ডিং হারলেম (Adam Clayton Powell, Jr. State Office Building Harlem), ইলিয়ানর রুজভেল্ট স্টেট অফিস বিল্ডিং পোকেপসি (Eleanor Roosevelt State Office Building Poughkeepsie), হাডসন ভ্যালি পরিবহন ব্যবস্থাপনা কেন্দ্র হথর্ন (Hudson Valley Transportation Management Center Hawthorne), পেরি বি. ডুরিয়া স্টেট অফিস বিল্ডিং হাপিউজ (Perry B. Duryea State Office Building Hauppauge)-এ এই পতাকা ওড়ানো হবে।

দুই বছর ধরে মহামারীর কারণে বন্ধ থাকার পর, আই লাভ NY (I LOVE NY) এটির আই লাভ NY LGBTQ উদ্যোগের মাধ্যমে আলবানি, বাফেলো, ফায়ার আইল্যান্ড, হারলেম, নিউ ইয়র্ক সিটি ও রচেস্টার সহ নিউ ইয়র্কজুড়ে কমিউনিটিগুলোতে প্রাইড ইভেন্টগুলোতে অংশগ্রহণ করে উপস্থিত ব্যক্তিদের সাথে সম্পৃক্ততা তৈরি করবে এবং স্টেট জুড়ে তাদের জন্য অপেক্ষমান চমৎকার সব গন্তব্যস্থলের সাথে তাদেরকে পরিচয় করিয়ে দিবে।

প্রাইড মাস চলাকালীন সময়ে এবং বছরের অন্যান্য সময়ে দর্শনার্থীদের দেখা ও করার মতো চমৎকার জিনিসগুলো চিনে নিতে সাহায্য করার জন্য নতুন আপডেট হওয়া আই লাভ NY LGBTQ মাইক্রোসাইট এবং একটি মুদ্রিত আই লাভ NY LGBTQ ভ্রমণ নির্দেশিকা পাওয়া যাবে। এছাড়াও আই লাভ NY স্টেটজুড়ে কমিউনিটি অংশীদারদের সহায়তা করতে এবং প্রাইড উদযাপন ও অন্যান্য LGBTQ ইভেন্ট ও আকর্ষণগুলোর কথা তুলে ধরে পর্যটনের প্রসার ঘটাতে আই লাভ NY 2022 প্রাইড গাইড ব্লগ চালু করছে।

LGBTQ+ প্রাইড মাসের স্বীকৃতিস্বরূপ 1 জুন তারিখে এবং 23 জুন থেকে 30 জুন পর্যন্ত স্টেটের বিখ্যাত স্থানগুলো আলোকিত করা হবে, যেগুলোর মধ্যে রয়েছে:

- ওয়ান ওয়ারল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)

- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং (H. Carl McCall SUNY Building)
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস ভবন (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ ("Franklin D. Roosevelt" Mid-Hudson Bridge)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল (Grand Central Terminal) - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)

রাজধানী অঞ্চলে LGBTQ+ প্রাইড উইকএন্ডের স্বীকৃতিস্বরূপ রাজধানী অঞ্চলে স্টেটের বিখ্যাত স্থানগুলো 10 জুন থেকে 13 জুন পর্যন্ত আলোকিত করা হবে, যেগুলোর মধ্যে রয়েছে:

- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং (H. Carl McCall SUNY Building)
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস ভবন (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)

এছাড়াও গভর্নর *উইথ প্রাইড এন্ড ডিগনিটি (With Pride and Diginity)* শীর্ষক একটি নতুন প্রদর্শনী চালু করার কথা ঘোষণা করেছেন, যেখানে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীতে LGBTQIA+ সদস্যদের অধিকারের জন্য সংগ্রামের কথা তুলে ধরা হবে এবং নিউ ইয়র্ক স্টেট কিভাবে বৈষম্যের বিরুদ্ধে লড়াইয়ে সহায়তা করে থাকে সে বিষয়টি দেখানো হবে। এই প্রদর্শনী নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটলের দ্বিতীয় তলায় ওয়ার রুমে আয়োজন করা হবে এবং জুন মাসের শেষ নাগাদ চলমান থাকবে। এই প্রদর্শনী এবং নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটলে ভিজিট করা সম্পর্কে আরো তথ্য পেতে এবং ছবিগুলো দেখতে এখানে যান।

গত সপ্তাহে, গভর্নর হোকল ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কবাসী এখন স্টেটজুড়ে যানবাহন বিভাগের (Department of Motor Vehicle) অফিসগুলোতে তাদের ড্রাইভিং লাইসেন্স, লার্নার পারমিট, বা নন-ড্রাইভার আইডি কার্ডে লিঙ্গের চিহ্ন হিসেবে "X" বেছে নিতে পারবেন। নিউ ইয়র্কের জেন্ডার রিকগনিশন অ্যাক্ট (Gender Recognition Act) অনুযায়ী এই পরিবর্তন বাস্তবায়ন করা হয়েছে, যা ট্রান্সজেন্ডার ও নন-বাইনারি নিউ ইয়র্কবাসীদের জন্য সম্প্রসারিত সুরক্ষা প্রদান করা একটি মাইলফলক আইন। DMV-তে এই পরিবর্তনের মাধ্যমে লোকজনের জন্য তাদের পরিচয়ের প্রতিফলন ঘটাতে তাদের নাম পরিবর্তন করা, তাদের লিঙ্গ পরিচয় পরিবর্তন করা, এবং তাদের জন্মসনদ পরিবর্তন করা সহজতর করা হয়েছে।

2023 অর্থবছরের জন্য প্রণীত স্টেট বাজেটে গভর্নর হোকলের LGBTQ+ সমতার জন্য বৃহৎ অগ্রগতি অর্জনের জন্য লড়াই করা এবং সেটি অর্জন করার পরে এসব ঘোষণা দেওয়া হলো। এই বাজেটে LGBTQ+ কমিউনিটিকে সহায়তা প্রদান করতে স্বাস্থ্য বিভাগের (Department of Health) জন্য 13.5 মিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে এবং LGBTQ+ স্বাস্থ্য ও মানবসেবা তহবিলের বার্ষিক পরিমাণ দ্বিগুণেরও বেশিতে উন্নীত করা হয়েছে। সেইসাথে, এই বাজেটে স্টেট পর্যায়ের সংস্থাগুলোর জন্য জেন্ডার বা লিঙ্গ সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়ে থাকে এমন সব স্টেট ফরমে ব্যক্তিদের নিজেদের জেন্ডার বা লিঙ্গ চিহ্নিত করার জন্য নন-বাইনারি "X" অপশনটি অন্তর্ভুক্ত করার বিষয়টি আবশ্যক করা হয়েছে। ডেটা সংগ্রহের ক্ষেত্রেও সেই তথ্য অন্তর্ভুক্ত করা এজেন্সিগুলির জন্য বাধ্যতামূলক। এছাড়াও এই বাজেটে ট্রান্সজেন্ডার নিউ ইয়র্কবাসীদের ম্যারেজ সার্টিফিকেটে তাদের পুরোনো নাম উল্লেখ না করে পরিবর্তিত নাম বা লিঙ্গ উল্লেখ করার সুযোগ রাখা হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418